গঠিত হচ্ছে সুযোগ, সুরক্ষিত হচ্ছে আমাদের ভবিষ্যৎ

২০১৪ অন্টারিও বাজেট

Ontario

২০১৪ অন্টারিও বাজেট

একটি দৃঢ় অন্টারিও-এর জন্য একটি পরিকল্পনা প্রনয়ন করে, সাথে

আরও চাকুরি

আরও সুযোগ

এবং একটি আরও সুরক্ষিত ভবিষ্যৎ

পরিকল্পনাটি চাকুরি তৈরি করবে এবং জনগণের জন্য বিনিয়োগ করে অর্থনীতির উন্নয়ন, আধুনিক অবকাঠামো নির্মাণ, এবং একটি গতিশীল ও উদ্ভাবনী ব্যবসার পরিবেশ তৈরিতে সহায়ক।

২০১৩-১৪-এর এখন আনুমানিক ঘাটতি হবে ১১.৩ বিলিয়ন ডলার - তুলনামূলক ভাবে ২০১৩ বাজেটে পূর্বাভাসকৃত অপেক্ষা ০.৪ বিলিয়ন ডলার উন্নয়ন। এটি পরপর পাঁচ বছরের মাইল ফলক যা প্রদেশটি পূর্বাভাস থেকে কম ঘাটতি প্রতিবেদন পেশ করছে। সরকার ২০১৭-১৮-এর মধ্যে বাজেট সামাঞ্জস্যপূর্ণ করতে বদ্ধ পরিকর।

২০১৪ সালের অন্টারিও বাজেটটি অন্টারিওর জনগনের দ্বারা অন্টারিওর জনগনের জন্য।

চাকুরি তৈরি

অন্টারিওর জনগনের জন্য নতুন পেশায় যাওয়ার এবং তুলনামূলক উচ্চতর বেতনের চাকুরির সুযোগাদি করে ১০-বছর মেয়াদী অর্থনৈতিক পরিকল্পনাটি অন্টারিওকে বিশ্বের শক্তিকেন্দ্র করতে প্রয়োজনীয় সহায়তা দেয়, যার মধ্যে আছেঃ

- ব্যবসার সাথে অংশীদারি করে বিনিয়োগ আকর্ষণ করতে একটি নতুন ১০-বছর মেয়াদী, ২.৫ বিলিয়ন ডলারের জবস এন্ড প্রস্পারিটি ফান্ড তৈরি করন যা অন্টারিওর কৌশল বিভাগসমূহ দৃঢ় করে এবং প্রদেশটির ভবিষ্যৎ অর্থনৈতিক উন্নয়নে সহায়ক হয়।
- ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানসমুহের জন্য শক্তি সংরক্ষণ, ব্যয় নিয়ন্ত্রণ এবং অর্থ সঞ্চয়ের জন্য প্রয়োজনীয় সহয়তা।
- বৃহৎ ব্যবসা প্রতিষ্ঠান তাদের বিদ্যুৎ ব্যয় সংক্রান্ত সহয়তা প্রদান।
- দ্রুত বর্ধমান আবির্ভাবশীল বাজারে অন্টারিওর রপ্তানির পরিধি প্রসারন করে বহু ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা সম্প্রসারন এবং চাকুরি তৈরিতে সহয়তা প্রদান।

যাতায়াত ব্যবস্থায় এবং অবকাঠামোতে বিনিয়োগ

অন্টারিওর প্রক্ষেপিত জনসংখ্যা বৃদ্ধির ফলে সব ধরনের অবকাঠামোতে তাৎপর্যপূর্ণ চাহিদা হবে। সে জন্য প্রদেশটি পরবর্তী ১০ বছরের জন্য জন অবকাঠামোতে ১৩০ বিলিয়ন ডলার বিনিয়োগের পরিকল্পনা করছে, যার মধ্যে আছেঃ

- পরবর্তী ১০ বছর প্রদেশব্যপী যাতায়াত অবকাঠামোতে প্রায় ২৯ বিলিয়ন ডলার তহবিল নিয়োজিত করন।
- প্রদেশব্যপী রাজপথ মেরামত এবং সম্প্রসারনে ২০১৪-১৪-এ সর্বমোট ২.৫ বিলিয়ন ডলার বিনিয়োগ।
- পৌরসভার রাস্তা ও সেতুসমুহর জন্য একটি নতুন স্থায়ী ১০০ মিলিয়ন ডলার সহায়তা।

অন্টারিওবাসিদের অবসরজীবন

সুরক্ষাকরন

অন্টারিওবাসিদের সাহায্য করতে, বিশেষ করে মধ্য আয়ের, অবসরজীবন আরও সুরক্ষিত করতে, ২০১৪ অন্টারিও বাজেট সর্বপ্রথম প্রাদেশিক অবসর পরিকল্পনা প্রস্তাব করছে যা কানাডা পেনশন প্ল্যান (সিপিপি) উপর নির্মিত।

একটি সিপিপি পরিবর্ধন অর্থনীতিকে চাঙ্গা করে এবং চাকুরি তৈরি করে দীর্ঘমেয়াদি অর্থনৈতিক উন্নয়ন করবে সাথে সাথে কাজকরা সকল কানাডাবাসিদের আরও সুরক্ষিত অবসর জীবন প্রদান করবে। কেন্দ্রীয় সরকারের সিপিপি পরিবর্ধন সংক্রান্ত আলোচনা বন্ধের প্রেক্ষিতে, অন্টারিও "অন্টারিওতে তৈরি" করবে অন্টারিও রিটায়রমেনট পেনশন প্ল্যান (ওআরপিপি)।

ওআরপিপি করবেঃ

- সিপিপির মুল বৈশিষ্ট্যগুলোর উপর ভিত্তি করে, যাতে থাকছে একটি ভবিষ্যৎবাচ্য অবসরে মাসিক ভাতা যা মুদ্রা স্ফিতির নির্দেশক এবং সারাজীবন প্রদান করবে।
- চাঁদা প্রদান হার নিম্ন রেখে অবসরে সঞ্চয় বৃদ্ধি।
- ২০১৭ সালে সূচনা করে, বড় কর্মদাতাদের দিয়ে শুরু, চাঁদা দুই বছরে অন্তর্ভুক্ত করা।
- বর্তমানে সিপিপির চেয়ে অধিক আয়।

বিদ্যুৎ খরচ কমানো

সরকার অন্টারিওবাসিদের বিদ্যুৎ খরচ কমাতে সাহায্য করছে, যার মধ্যেঃ

- গত ১৮ মাস ধরে সিস্টেম-এর খরচ কমানো, এই কমানো অন্যথায় পরবর্তী পাঁচ বছরে প্রায় ৫২০ ডলার পরিশোধ করতে হত।
- ডিসেম্বর ৩১, ২০১৫-এর পর আবাসিক গ্রাহকদের বিদ্যুৎ বিল থেকে ডেট রিটায়রমেনট চার্জ খরচ বাদ দেয়ার প্রস্তাব যাতে একজন সাধারন আবাসিক গ্রাহকের বছরে ৭০ ডলার সঞ্চয় হয়।

একটি ন্যায্য সমাজ লালন করা

সকল অন্টারিওবাসিদের জন্য সরকারের সহযোগিতার প্রথম পদক্ষেপ যার মধ্যে আছেঃ

- অন্টারিও চাইল্ড বেনিফিট বৃদ্ধি এবং নির্দেশনার প্রস্তাব।
- ভাতার হার বৃদ্ধি এবং চাকুরি ভাতা সরলীকরণ করে সামাজিক সহযোগিতার পদ্ধতি সংস্কার করা।
- নিম্ন আয়ের এলাকার আরও বেশী শিশুদের সেবা দিতে এবং ফার্স্ট নেশানদের জন্য স্টুডেন্ট নিউট্রিসান প্রোগ্রাম পরিবর্ধন করা।
- ন্যূনতম প্রতি ঘণ্টার জন্য বেতন বৃদ্ধি করে ১১ ডলার, এবং ন্যায্যতা প্রদানের জন্য নিম্ন আয়ের কর্মচারীদের জন্য মুদ্রাস্ফিতির সাথে বেধে দেয়ার প্রস্তাব এবং ব্যবসাসমুহের প্রতি পূর্বাভাষকৃত করা।
- বয়স্ক মানসিক প্রতিবন্ধিদের জন্য এবং সমাজ সেবার প্রথম সারির কর্মীদের জন্য সহযোগিতা বৃদ্ধি করা।
- সরকারী অর্থে বাড়িতে এবং সামাজিক সেবা খাতে ব্যক্তিগত সহযোগিতা কর্মচারীদের এবং প্রথম সারির শিশু সেবা কর্মীদের বেতন বৃদ্ধি করা।

কেন্দ্রীয় সরকার থেকে ন্যায্যতা চাওয়া

প্রতি বছর, অন্টারিওতে কেন্দ্রীয় সরকারের আয়ের ভাগ অন্টারিওর জন্য খরচের চেয়ে বেশী হচ্ছে। এর ফলে ১১ বিলিয়ন ডলার পার্থক্য যা অন্টারিওবাসীরা প্রদান করছে আর যা কেন্দ্রীয় সরকার থেকে যা পাচ্ছে তার মধ্যে।

অন্টারিও সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছেঃ

- অন্যান্য প্রদেশদের যে ভাবে দেখে অন্টারিওবাসিদের একি রকম ভাবে দেখুক।
- অতীতে যেমন ইহা অন্যান্য প্রদেশের করেছে, তেমনি ২০১৪-১৫ তে ৬৪১ মিলিয়ন ডলার স্থানানতর বন্ধ করে অন্টারিও কে রক্ষা করুক।
- অবকাঠামো তে অর্থায়ন তাৎপর্যপূর্ণ পরিমান বৃদ্ধি করুক যার মধ্যে রিং অফ ফায়ার - এর অবকাঠামোর জন্য অন্টারিওর ১ বিলিয়ন ডলারের সমপরিমান অর্থ প্রদান করুক।

দায়িত্বশীলতা ব্যবস্থাপনা

সকল প্রদেশগুলোর মধ্যে অন্টারিও তে জন প্রতি সর্ব নিম্ন কর্মসূচী বাবদ খরচ, তথাপি উচ্চমানের জন সেবা দিয়ে যাচ্ছে। ইহা অপচয় নির্মূল করছে, অগ্রাধিকারের প্রতি দৃষ্টিপাত করছে এবং নিশ্চিত করছে যে প্রতিটি ডলার যা খরচ করছে তা গনিত হছে।

আগামীতে, সরকার যা করবেঃ

- বাৎসরিক কর্মসূচী পর্যালোচন সূচনা করে ২০১৪-১৫ তে ২৫০ মিলিয়ন ডলার সঞ্চয়ের লক্ষমাত্রা এবং ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ প্রতি বছর ৫০০ মিলিয়ন ডলার।
- যতদিন না বাজেট সামাঞ্জস্যপূর্ণ হয় ততদিন মেম্বার অফ প্রভিঞ্চিয়াল পার্লামেন্ট দের বেতন স্থিতির আহবান।
- বৃহৎ সরকারী সংস্থা গুলোর জ্যেষ্ঠ নির্বাহীদের বেতন-ভাতা সরাসরি নিয়ন্ত্রণ করা, নীতিমালা প্রনয়ন সাপেক্ষে।
- পরবর্তী তিন বছর বাৎসরিক কর্মসূচীর জন্য খরচ বৃদ্ধি প্রতি বছর শতকরা ১.১-এ স্থির রাখা।

২০১৪
অন্টারিও
বাজেট

LEARN MORE AT
ONTARIO.CA/BUDGET
TOLL FREE: 1-800-337-7222
TTY TOLL FREE: 1-800-263-7776

© Queen's Printer for Ontario, 2014